# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৬৭০

৭/ সিয়াম বা রোযা (كتاب الصيام)

পরিচ্ছেদঃ ৭/১৩. রমযানের রোযা কাযা করা।

بَاب مَا جَاءَ فِي قَضَاءِ رَمَضَانَ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ نُمَيْرٍ عَنْ عُبَيْدَةَ عَنْ إِبْرَاهِيمَ عَنْ الْأَسْوَدِ عَنْ عَائِشَةَ قَالَتْ كُنَّا نَحِيضُ عِنْدَ النَّبِيِّ صلى الله عليه وسلم فَيَأْمُرُنَا بِقَضَاءِ الصَّوْمِ

বাংলা

২/১৬৭০। ’আয়িশাহ্‌ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জীবদ্দশায় আমরা ঋতুবতী হতাম। তিনি আমাদের (ছুটে যাওয়া) রোযার কাযা করার নির্দেশ দিতেন।

## English

It was narrated that ‘Aishah said:
“We used to menstruate at the time of the Prophet (ﷺ), and he would order us to make up for the (missed) fasts.’”

ফুটনোট

মুসলিম ৩৩৫, নাসায়ী ২৩১৯, সহীহ আবী দাউদ ২৫৫, ইরওয়াহ ২০০

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী উবায়দ সম্পর্কে আমর বিন ফাল্লাস বলেন, তার স্মৃতিশক্তি খুবই দুর্বল ও তার হাদিস প্রত্যাখ্যানযোগ্য। আহমাদ বিন হাম্বল বলেন, মানুষ তাকে বর্জন করেছেন। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি দুর্বল। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি সিকাহ নন। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৭৬০, ১৯/২৭৩ নং পৃষ্ঠা) উক্ত হাদিসটি সহিহ কিন্তু উবায়দাহ এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ৫৬ টি শাহিদ হাদিস রিয়েছে, তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ বুখারী ৩২১, মুসলিম ৩৩৬, ৩৩৭, তিরমিযি ৭৮৭, আবু দাউদ ২৬২, দারিমী ৯৮৬, ৯৮৮, মুসান্নাফ আব্দুর রাযযাক ১২৭৭, শারহুস সুন্নাহ ৩২৩ ইত্যাদি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=29631

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন